

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫৪০(আগরতলা-০৭।০৯)  
কমলপুর, ০৭ সেপ্টেম্বর, ২০১৯

### প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাস চুল্লী প্রদান

প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গতকাল দুর্গাচৌমুহনী ব্লকের বামনছড়া পঞ্চায়েতের কমিউনিটি হলে আয়োজিত এক অনুষ্ঠানে ৪০ জন মহিলাকে বিনামূল্যে এল পি জি সংযোগ ও গ্যাস চুল্লী বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস, সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান রেবা নমঃশুদ্র, দুর্গাচৌমুহনী ব্লকের বি ডি ও রামেশ্বর চক্রবর্তী, পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক প্রমুখ। উল্লেখ্য, এখন পর্যন্ত বামনছড়া পঞ্চায়েতে ২০০ জন মহিলাকে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় এল পি জি সংযোগ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*